

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
প্রধান বন সংরক্ষকের কার্যালয়  
বন অধিদপ্তর, ঢাকা।



www.bforest.gov.bd

স্মারক নম্বর: ২২.০১.০০০০.০০৭.৪৬.০০২.২১.৭১

তারিখ: ১ বৈশাখ ১৪২৮

১৪ এপ্রিল ২০২১

বিষয়: অফিস খোলা রাখা প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখ ১২ এপ্রিল ২০২১ খ্রি:।

খ) অত্র দপ্তরের স্মারক নম্বর ২২.০১.০০০০.০০৭.৪৬.০০২.২১.৬৯ তারিখ ১৩ এপ্রিল ২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখ ১২ এপ্রিল ২০২১ খ্রি: মুলে করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ পরিস্থিতির অবনতির কারণে আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ৬:০০ টা হতে ২১ এপ্রিল ২০২১ মধ্যরাত পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে কতিপয় বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারকের (ঙ) নং শর্তে উল্লেখ করা হয়েছে যে “আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা যেমন: কৃষি উপকরণ (সার, বীজ, কিটনাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি), খাদ্যদ্রব্য ও খাদ্যদ্রব্য পরিবহণ, ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, কোভিড-১৯ টিকা প্রদান, বিদ্যুৎ, পানি, গ্যাস, জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থল বন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট (সরকারি ও বেনরকারি), গণমাধ্যম (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া), বেসরকারি নিরাপত্তা ব্যবস্থা, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাৱশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

বন অধিদপ্তরের মাঠ পর্যায়ের উত্তোলিত বন বাগান, বনাঞ্চল ও বনভূমি সার্বক্ষণিক পাহারা দেয়া সম্ভব না হলে বনাঞ্চলের গাছ চুরি ও পাচারের প্রবণতা বৃদ্ধি পাবে এবং বনভূমি জবরদখল হবে। এছাড়া সময়মত নার্সারী ও বন বাগান উত্তোলন করা সম্ভব না হলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। বন অধিদপ্তরের এধরণের কর্মকান্ড মন্ত্রিপরিষদ বিভাগের বর্ণিত স্মারকের (ঙ) নং শর্তের অন্যান্য জরুরি ও অত্যাৱশ্যকীয় সেবার আওতাভুক্ত।

এমতাবস্থায়, বন বিভাগের উত্তোলিত বন বাগান ও সংরক্ষিত বনাঞ্চলের গাছ চুরি ও পাচার রোধকল্পে বনাঞ্চলে টহল প্রদান ও বন অপরাধ উদঘাটনসহ বনভূমি জবরদখল রোধকল্পে সার্বক্ষণিক টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করার নিমিত্ত নার্সারী উত্তোলন এবং বন বাগান সৃজন ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজ ঠিকাদার নিয়োগের মাধ্যমে এবং ক্ষেত্রমতে প্রয়োজনীয় সংখ্যক দিনমজুর নিয়োগ করে যথাসময়ে সম্পন্ন করার জন্যও অনুরোধ করা হলো।

সকল পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের জন্যও অনুরোধ করা হলো।

১৪-৪-২০২১

মোঃ আমীর হোসাইন চৌধুরী

প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) সকল বন সংরক্ষক/পরিচালক, বন একাডেমি, চট্টগ্রাম
- ২) সকল বিভাগীয় বন কর্মকর্তা/পরিচালক

স্মারক নম্বর: ২২.০১.০০০০.০০৭.৪৬.০০২.২১.৭১/১(৬)

তারিখ: ১ বৈশাখ ১৪২৮  
১৪ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রকল্প পরিচালক, টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্প, বন অধিদপ্তর, ঢাকা।
- ৩) সকল উপ-প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বনভবন, আগারগাঁও, ঢাকা।

১৪-৪-২০২১

মোঃ আমীর হোসাইন চৌধুরী  
প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব)